আজকের কাগজ

আজকের কাগজ

তারিখ 15 NOV 1992
পৃষ্ঠা ... কলাম ...

# আদর্শ সমাজ গঠনে শিক্ষার বিকল্প নেই

## —সুফিয়া কামাল

**কাগজ প্রতিবেদক :** কবি সুফিয়া কামাল শিক্ষা বিস্তারে কিন্ডারগার্টেন স্কুলগুলোর প্রচেষ্টার প্রশংসা করে বলেছেন, আদর্শ সমাজ-গঠনে শিক্ষার বিকল্প নেই। শিক্ষার আরো দেশের ব্যাপক মানুষের মধ্যে ছড়িয়ে দিতে না পারলে দেশের সার্বিক উন্নয়ন প্রচেষ্টা ব্যর্থ হতে বাধ্য।

তিনি গতকাল শনিবার শিশু একাডেমি মিলনায়তনে বাংলাদেশ কিন্ডারগার্টেন এসোসিয়েশন আয়োজিত মহাসম্মেলন ও পুরস্কার বিতরণী অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্যে একথা বলেন, সভায় আরো বক্তব্য রাখেন এসোসিয়েশনের খন্দকার রইসুল আলম ও ফারুক আহমেদ।

কবি সুফিয়া কামাল বলেন, আজকাল পাঠ্যবইগুলোতে শিশুদের চরিত্র গঠনের উপযোগী কথাবার্তা থাকে না। এক সময় পাঠ্যবইগুলোতে নীতিবোধের কথা সংযোজিত ছিলো। শিশুদের পাঠক্রমে দেশ-বিদেশের গুণীজনদের কথা সংযোজনের আহবান জানিয়ে বেগম সুফিয়া কামাল বলেন, শিশু মনের ওপর প্রবাব বিস্তার করতে পারে এমন পাঠ্যপুস্তক প্রণয়ন করা প্রয়োজন। আগামী প্রজন্মের ছেলে-মেয়েরা যেনো ভবিষ্যতে ধর্ম ও সংস্কৃতি নিয়ে সুশিক্ষিত হয়ে গড়ে উঠতে পারে

শিশুদের আগামীদিনের আদর্শ নাগরিক হিসেবে গড়ে তোলার ক্ষেত্রে পিতা-মাতার ভূমিকার কথা স্মরণ করিয়ে দিয়ে বলেন, শুধুমাত্র স্কুল ও পাঠ্যবই শিশুদের চরিত্র গঠনে যথেষ্ট নয়।